

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ অধিশাখা

স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.০৩.০৪০.১৬-১৫৮০

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০১৭ খিস্টাব্দ

প্রজ্ঞাপন

বিসিএস (পুলিশ) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তার অনুকূলে তার নামের পার্শ্বে উল্লিখিত দেশে ভ্রমণ ও বর্ণিত সময়ের জন্য নিম্নবর্ণিত শর্তে অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুর করা হলো:

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	দেশের	মঞ্জুরকৃত অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ)
ক.	জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন বিপিএম, পিপিএম-বার বিপি-৭৬০৬১১৩৯৬২ অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম, ডিএমপি, ঢাকা।	কানাডা, যুক্তরাষ্ট্র ও ফ্রান্স	উক্ত কর্মকর্তার অনুকূলে দর্শনীয় স্থান ভ্রমণ ও নিজের নির্মিত একটি চলচিত্র প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে স্ত্রী রাজনাহার (৩২) সহ কানাডা, যুক্তরাষ্ট্র ও ফ্রান্স গমনের অনুমতি এবং এতদুদ্দেশ্যে ১৭/১০/২০১৭খ্রিঃ তারিখ অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ)।

শর্তাবলী :

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
 - (খ) তিনি ছুটিতে থাকাকালীন প্রাপ্য বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন;
 - (গ) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবে না;
 - (ঘ) এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R.(Part-1) এর Appendix-VIII এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষর-

(মোহাম্মদ ইলিয়াস হোসেন)

উপসচিব

ফোন : ৯৫৭৪৫৩১

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০১৭ খিস্টাব্দ

স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.০৩.০৪০.১৬-১৫৮০(৪)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। বর্ণিত সফরের জন্য সংশ্লিষ্ট দেশের ভিসা প্রাপ্তির নিমিত্ত প্রয়োজনীয় নোট ভারব্যাল/এল.ও.আই জারীর জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো (সত্যায়িত নোটশীটের ছায়ািলিপি সংযুক্ত)।
- ২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, বিপিএম, পিপিএম-বার, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম, ডিএমপি, ঢাকা।

স্বাক্ষর
(মোহাম্মদ ইলিয়াস হোসেন)
উপসচিব